

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ৭, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

বিজ্ঞপ্তি

তারিখ, ২৫ মাঘ ১৪১৪ বাং/০৭ ফেব্রুয়ারি ২০০৮ ইং

নং ০১(মুঃ প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ২২ মাঘ ১৪১৪ বাং মোতাবেক ০৪ ফেব্রুয়ারি ২০০৮ খ্রিঃ তারিখে প্রণীত নিয়ে উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হল।

২০০৮ সনের ০১ নং অধ্যাদেশ

Income Tax Ordinance, 1984 সংশোধনকল্পে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্য পূরণকল্পে Income Tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ৯৩ এর দফা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করিলেন :

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ Income Tax (Amendment) Ordinance, 2008 নামে অভিহিত হইবে।

(৯৬৭)

মূল্য : টাকা ২.০০

(২) এই অধ্যাদেশ ০১ জুলাই ২০০৭ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

২। Ordinance No. XXXVI of 1984 এর section 53BBBB এর সংশোধন।—
Income Tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 53BBBB এর “which will be treated as final discharge of tax liability regarding the said export” শব্দগুলির পরিবর্তে “which shall be deemed to be an advance payment of tax by the exporter and shall be given credit for in the assessment of his tax” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

তারিখ : ২২-১০-১৪১৪ বঙ্গাব্দ
০৪-০২-২০০৮ খ্রিস্টাব্দ

প্রফেসর ড. ইয়াজউদ্দিন আহম্মেদ
রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

কাজী হাবিবুল আউয়াল
ভারপ্রাপ্ত সচিব।